

খুলনা উন্নয়ন কর্তৃপক্ষ

অথরাইজড শাখা

নকশা অনুমোদনের অটোমেশন প্রক্রিয়া :

আবেদনকারী জমির দলিল, পর্চা, পরিকল্পনা শাখার ছাড়পত্র, ৭ ফর্দ নকশা, ক্ষেত্রমত অন্যান্য কাগজপত্রের স্কান কপি সংযুক্ত করে অনলাইনে অথরাইজড অফিসার বরাবরে আবেদন দাখিল করেন।



আবেদনটি অথরাইজড অফিসার কর্তৃক গৃহিত হবার পর সেটি সংশ্লিষ্ট এলাকার ইমারত পরিদর্শকের নিকট সরেজমিনে তদন্ত করে রিপোর্ট প্রদানের জন্য প্রেরণ করেন।



ইমারত পরিদর্শক নথিটি পাওয়ার পর সরেজমিনে সাইটটি পরিদর্শন করে অংকিত নকশা ও ছাড়পত্রের সাথে বাস্তবে মিল আছে কিনা, রাস্তার চওড়া সঠিক আছে কিনা তা পরীক্ষা নিরীক্ষা করে মতামতসহ নথি অংকনবীদের নিকট উপস্থাপন করেন।

ইমারত নির্মাণ বিধিমালায় আলোকে অংকনবীদ নকশা পরীক্ষা করে অথরাইজড অফিসারের নিকট উপস্থাপন করেন।



ইমারত পরিদর্শক ও অংকনবীদের পর্যবেক্ষনের আলোকে অথরাইজড অফিসার নকশাটি পুনঃপরীক্ষান্তে বিসি কমিটির সভায় উপস্থাপন করেন।



দাখিলকৃত সকল নকশা নিয়ে বিসি কমিটির সভায় বিস্তারিত আলোচনার পর অনুমোদন বা বাতিলের সিদ্ধান্ত গ্রহণ করা হয়।



বিসি কমিটির সভার উক্ত আবেদনের বিষয়ে গৃহিত সিদ্ধান্ত আবেদনকারীকে এসএমএস এর মাধ্যমে জানানো হয়।